

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০৩ ব্যাচে “Change and Stakeholder Management”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ে জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ফোকাল পার্সন, EDGE প্রকল্প, ঢাকা ওয়াসা হতে প্রাপ্ত পত্র সদয় দেখা যেতে পারে (পত্র ক্রমিক নং-১)। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ০৩ ব্যাচে “Change and Stakeholder Management”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। ঢাকা ওয়াসার Digital Transformation অর্থাৎ স্মার্ট ওয়াসা ভিশন সফলভাবে পরিচালনা, কর্মীদের প্রতিরোধ হ্রাস এবং মূল অংশীদারদের সক্রিয় সমর্থন নিশ্চিত করার জন্য “Change and Stakeholder Management”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যিক। প্রশিক্ষণটিতে অংশগ্রহণের জন্য ঢাকা ওয়াসা বিভিন্ন অফিস/বিভাগ/জোন এ কর্মরত প্রতি ব্যাচে ২৫ জন হিসেবে মোট ৭৫ (পঁচাত্তর) জন প্রশিক্ষণার্থীর তালিকা (পত্র ক্রমিক নং-২) প্রস্তুত করা হয়েছে। জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ফোকাল পার্সন, EDGE প্রকল্প, ঢাকা ওয়াসা এর প্রস্তাবনা অনুযায়ী প্রশিক্ষণ প্রোগ্রাম (পত্র ক্রমিক নং-৩) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ যথাক্রমে আগামী ২১ জুন ২০২৬ (১ম ব্যাচ), ২৩ জুন ২০২৬ (২য় ব্যাচ) এবং ২৫ জুন ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণ এর ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ৭৫ (পঁচাত্তর) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কোন কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।

০২। দিনব্যাপী ০৩ ব্যাচে ৭৫ (পঁচাত্তর) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৫৭,৬০০/-	(২ সেশন ৩,৬০০/- টাকা হারে+৪ সেশন ৩,০০০/- টাকা হারে)×৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৬০,০০০/-	(২৫ জন ৮০০/- হারে ১দিন) × ৩ ব্যাচ
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৬,০০০/-	(২,০০০/- টাকা হারে ১ দিন) × ৩ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৪,৫০০/-	(১,৫০০/- টাকা হারে ১ দিন) × ৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৯,০০০/-	(৩ জন ১,০০০/- টাকা হারে ১ দিন) × ৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৬০,৯০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩৫ জন ৫৮০/- টাকা হারে ১দিন) × ৩ ব্যাচ
(ছ) পানি	৩,২৪০/-	(আধা লিটার ১২ কেস ১৩৫/- টাকা হারে ২দিন) × ৩ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	১১,২৫০/-	০৩ ব্যাচের ৭৫ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১০,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,২২,৪৯০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ বাইশ হাজার চারশত নব্বই মাত্র)

০৩। এমতাবস্থায়, “Change and Stakeholder Management”-শীর্ষক প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ৭৫ (পঁচাত্তর) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণের প্রোগ্রাম এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,২২,৪৯০/- (দুই লক্ষ বাইশ হাজার চারশত নব্বই) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে। সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

০৭/০৬/২০২৬

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

০৭/০৬/২০২৬

মোঃ ওয়াজ্জ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

০৭/০৬/২০২৬
DMD (HR&A)
এক্রে এ.এম. ফজলুল হক
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

০৭/০৬/২০২৬
মোঃ আহমদুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৭/০৬/২০২৬
DMD (HR&A)
০৭/০৬/২০২৬

০৭/০৬/২০২৬